## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853.

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই মাঘ বুধবার ১৩৬৫ ইংরাজী 21st Jan. 1959 { ৩৬শ সংখ্যা

১লা মাঘ ১৮৮০ শকাব্দ






লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই মাঘ বুধবার সন ১৩৬৫ সাল।

## প্রজাতন্ত্রের স্বরূপ

—০—

আগামী ২৬শে জানুয়ারী প্রজাতন্ত্র বা সাধারণ-তন্ত্র দিবস। তদুপলক্ষে স্বাধীন ভারতে আনন্দ-উৎসব অনুষ্ঠিত হইবে। এই প্রজাতন্ত্রের স্বরূপ কি তা অচিরে জনসাধারণ দেখিবার সুযোগ পাইবেন।

কিছুদিন আগে নুন-নেহেরু চুক্তি অনুসারে ভারতের জলপাইগুড়ি জেলার বেরুবাড়ী ইউনিয়নের কিয়দংশ ভারতের প্রধান মন্ত্রী পাকিস্থানকে অর্পণ করেন। এই অর্পণ তাঁহার শক্তির বহির্ভূত বলিয়া পশ্চিম বাংলার বিধান সভা ও বিধান পরিষদের কংগ্রেসী অকংগ্রেসী সমস্ত সদস্যগণ সমস্বরে ইহা নাকচ করেন। ইহা সংবাদপত্র পাঠক সকলেই অবগত আছেন।

নুন সাহেব বর্ত্তমানে পাকিস্থানের প্রধান মন্ত্রী নহেন। তিনি পাকিস্থানের সামরিক শাসনকর্ত্তা সর্ব্বেসর্বা জেনেরাল আয়ুব খাঁয়ের বিধানে নজরবন্দী সুখভোগ করিতেছেন। ভারতের প্রধান মন্ত্রী তাঁহার যে দোস্তের সহিত চুক্তি হইয়াছিল, তাঁহার বাক্য প্রতিপালন জন্য ব্যস্ত হইয়া পড়িয়াছেন।

গত সোমবার কেন্দ্রের আইন মন্ত্রী শ্রীঅশোক সেন পশ্চিম বাংলার প্রধান মন্ত্রী শ্রীবিধানচন্দ্র রায় মহাশয়ের নিকট উপস্থিত হইয়া ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহেরুর মান সম্ভ্রমসহ ভারত সরকারের সম্মান রক্ষার জন্য কলিকাতার রাইটার্স বিল্ডিংসে আসিয়া খাদ্য মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন ও পুলিশ মন্ত্রী শ্রীকালীপদ মুখার্জির উপস্থিতিতে যে আলোচনা করিয়াছেন তাহা নিম্নে প্রকাশ করা হইল—

ভারতের প্রধান মন্ত্রী শ্রীনেহেরুর উক্তির মর্য্যাদা রক্ষার্থে বেরুবাড়ী ইউনিয়নকে পশ্চিমবঙ্গে রাখার আশা যে পশ্চিমবঙ্গকে ত্যাগ করিতে হইবে, ইহা প্রায় একরূপ স্থির হইয়া গিয়াছে বলিয়া বিশ্বস্ত মহল হইতে জানা গিয়াছে।

বেরুবাড়ী পাকিস্থানকে দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত করেন তাহার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ও বিক্ষোভের সংবাদ কেন্দ্রীয় উচ্চতর মহলে ও কংগ্রেস হাই কমাণ্ডের কাণে পৌছাইয়াছে বলিয়া জানা গিয়াছে, কিন্তু তৎসত্বেও ভারতের প্রধান মন্ত্রী পাকিস্থানের প্রধান মন্ত্রীর নিকট যে উক্তি একবার করিয়া ফেলিয়াছেন সেই উক্তির মর্য্যাদা রক্ষার্থ বেরুবাড়ী পাকিস্থানকে দিতেই হইবে।

অবশ্য বিষয়টি লইয়া পার্লামেণ্টে শীঘ্রই আলোচনা হইবে এবং পার্লামেণ্ট ঐ বিষয়ে কি সিদ্ধান্ত করিবেন তাহা কিছুই এখন বলা যায় না; তবে পার্লামেণ্টে কংগ্রেস দল সংখ্যাগরিষ্ঠ থাকায় কংগ্রেসপক্ষীয় সদস্যগণ যে শ্রীনেহরুর মর্য্যাদা রক্ষার চেষ্টা করিবেন ইহা প্রায় একরূপ স্থির হইয়া গিয়াছে।

সোমবার কেন্দ্রীয় আইন মন্ত্রী শ্রীঅশোক সেন রাইটার্স বিল্ডিংসে মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের সঙ্গে বেরু-বাড়ী হস্তান্তর সম্পর্কে আলোচনা করেন। উক্ত বৈঠকে পশ্চিমবঙ্গের খাদ্য-মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন ও পুলিস-মন্ত্রী শ্রীকালীপদ মুখোপাধ্যায়ও উপস্থিত ছিলেন।

আলোচনান্তে শ্রীঅশোক সেন সাংবাদিকদের নিকট এরূপ মন্তব্য করেন যে, বেরুবাড়ী পাকিস্থানকে দেওয়া সম্পর্কে ভারত ও পাকিস্থানের প্রধান মন্ত্রিদ্বয়ের মধ্যে যে চুক্তি হইয়াছে সেই চুক্তির মর্য্যাদা দিতে হইবে। এই চুক্তির সহিত আন্তর্জ্জাতিক ক্ষেত্রে ভারতের প্রধান মন্ত্রীর মর্য্যাদার প্রশ্ন জড়িত রহিয়াছে।

শ্রীসেন আরও মন্তব্য করেন যে, পার্লামেণ্ট বিষয়টি সম্পর্কে কি সিদ্ধান্ত করিবেন তাহা তিনি বলিতে পারেন না, তবে এইটুকু বলিতে পারেন, যদি ঐ সিদ্ধান্ত প্রত্যাখ্যান করা হয় তাহা হইলে উহা প্রধান মন্ত্রী ও ভারত সরকারের বিরুদ্ধে অনাস্থার সামিল হইবে।

---

## সেইদিন আর এইদিন

—০—

ইংরাজের রাজত্বে তাঁদের খেয়াল খুশি অনুসারে যা ইচ্ছা তাই হতো এই উপলক্ষ্য করে—তখনকার বিখ্যাত যাত্রাওয়ালা ৺মুকুন্দ দাস যে গান গেয়ে-ছিলেন তাই আজ গাইতে ইচ্ছা করছে।

গান

বিধির বাঁধন কাটবে তুমি
এতই শক্তিমান!
কাঙালের ভাঙাগড়া তোমার হাতে
এতই অভিমান!
শাসনে যত ঘেরো
আছে বল দুর্ব্বলেরও
হওনা কেন যত বড়
আছেন ভগবান
উপরে আছেন ভগবান।

---

## "সত্যমেব জয়তে"র গান

(হেম কবি রচিত)

সাবধান! সাবধান
আসিছে নামিয়া ন্যায়ের দণ্ড
রুদ্র দীপ্ত মূর্তিমান!
ঐ শোন তার বাজিছে কম্বু
অম্বুধি যথা উচ্ছলে,
প্রলয় ঝঞ্ঝা ইরম্মদে
বজ্র গভীর কল্লোলে—
হুঙ্কার শুনি জলদ-মন্দ্র
কাঁপিছে তারকা সূর্য্য চন্দ্র
বদ্ধ আকাশ স্তব্ধ বাতাস
কাঁপিয়া উঠিছে জগৎ-প্রাণ।
সাবধান।
ত্রিভুবন জুড়ি বিরাট দেহ—
ভাবিতেছ বুঝি—পলাবে কেহ?
এখনও চরণে শরণ লেহ,
নতুবা নাহিক পরিত্রাণ
সাবধান।

## নেতাজী এস হে ফিরে

॥ সু—মো—দে ॥

নেতাজী এস হে ফিরে—
ভারতজননী তোমার বিহনে
কাঁদিছে নয়ননীরে।
ভারতের ঘোর অমানিশা ঘুচিল
নাশিয়া করেছ ভারত স্বাধীন,
তবে কেন বীর এখনো রেখেছ
নিজেরে গোপনে ঘিরে।
নেতাজী এস হে ফিরে ॥
হে নরকেশরী জাতির প্রতীক
মহাপ্রাণ তুমি স্বদেশ প্রেমিক,
ভারত আকুল দেখিতে তোমারে
বিজয় মুকুট শিরে।
নেতাজী এস হে ফিরে ॥

## ভারতীয়গণের ঘড়ি নির্মাণ শিক্ষার সুযোগ

সুইডেনের ঘড়ি শিল্প মালিকদের প্রতিনিধি-দলের নেতা মিঃ হেনরী ফেডার আজ এখানে শিল্প মন্ত্রী শ্রীমনুভাই শাহকে জানান যে, সুইজারল্যাণ্ডে ঘড়ি নির্মাণ শিক্ষণের জন্য এবং ভারতে ঘড়ি নির্মাণ শিক্ষালয় স্থাপনের জন্য কয়েকটি বৃত্তি দেওয়া হইবে। এই অঙ্গীকার অনুসারে প্রতি বৎসর ২০ জন ভারতীয় টেকনিসিয়ান সুইজারল্যাণ্ডে গিয়া আড়াই বৎসর ঘড়ি নির্মাণ শিক্ষার সুযোগ পাইবে। সুইজারল্যাণ্ডের ঘড়ি শিল্প মালিকগণ এই সকল টেকনিসিয়ানের শিক্ষার ব্যয় বহন করিবেন।

প্রেঃ ইঃ ব্যুঃ

## চাষীদের দুরবস্থা

পশ্চিমবঙ্গ সরকার মুনফা শিকারী আইন করিয়া ধান চাউলের মূল্য নির্দ্ধারণ করিয়া দিয়াছেন কিন্তু চাষীর নিত্য প্রয়োজনীয় অন্যান্য দ্রব্য যথা সরিষার তৈল, খইল, নারিকেল তৈল, রন্ধনের মশলা, কাপড়, চাষের জন্য ব্যবহৃত লোহা ইত্যাদির মূল্য নিয়ন্ত্রণ না করায় চাষী আর্থিক সঙ্কটের মধ্যে পড়িয়াছে।

## নেহরুর বাণী

আমেদাবাদের এক গ্রামে বক্তৃতা-প্রসঙ্গে প্রধান মন্ত্রী শ্রী নেহরু বলেন যে, তিনি আচার্য্য বিনোবা ভাবের সঙ্গে একমত যে জমির মালিক হবে জনসাধারণ। শ্রী নেহরু বলেন, দেশের পঞ্চায়েত-গুলিকে শক্তিশালী করতে হবে এবং সমবায় সমিতি গঠন ক'রে সেগুলির মারফত গ্রাম্য সমাজের সমগ্র অর্থনৈতিক কাজকর্ম সম্পন্ন করতে হবে।

## কৃষি পদ্ধতি

চীনে কৃষি-পদ্ধতি সম্বন্ধে প্রত্যক্ষ জ্ঞান অর্জন করার জন্য সেখানে দু'টি পর্য্যবেক্ষক দল পাঠাবার সিদ্ধান্ত করা হয়েছে। আমাদের দেশে কৃষিউৎপাদন বৃদ্ধি করাই এর মূল উদ্দেশ্য। তাঁরা চীনের কৃষকদের সেচ ও জলসংরক্ষণ ব্যবস্থা পরিদর্শন করবেন। প্রথম দলে শুধুমাত্র সরকারী বিশেষজ্ঞ-গণ থাকবেন। দ্বিতীয় দলে কাদের নেওয়া হবে তা এখনও ঠিক হয় নি।

## দুর্দ্ধর্ষ ডাকাত নিহত

বিগত ২রা জানুয়ারী শুক্রবার বেলা দ্বিপ্রহরে সুতী থানার অন্তর্গত আহিরণ গ্রামের দুর্দ্ধর্ষ ডাকাত ভাদু সেখ নিহত হইয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ যে কয়েকমাস পূর্ব্বে এক ডাকাতির লুণ্ঠিত অলঙ্কার ও নগদ টাকার ভাগ সহকারীদের না দিয়া নিজে আত্মসাৎ করার জন্য তাহার এই পরিণতি। পুলিশ তদন্ত চলিতেছে।

## অন্ধদের শিক্ষা ব্যবস্থা

অন্ধদের শিক্ষার জন্য ভারতে প্রথম বিদ্যালয় স্থাপিত হয় অমৃতসরে ১৮৮৭ সালে। গত শতাব্দীর শেষের দিকে আরও দুইটি শিক্ষালয় পালমকোটা ও কলিকাতায় স্থাপিত হয়। বর্ত্তমান শতাব্দীর গোড়ার দিকে বোম্বাইতে অন্ধদের জন্য দাদর বিদ্যালয় ( ভূতপূর্ব আমেরিকান মারাঠি মিশন স্কুল ) এবং ভিক্টোরিয়া মেমোরিয়াল স্কুল স্থাপিত হয়। শারীরিক ও মানসিক পঙ্গুদের শিক্ষা, শিক্ষণ ও কর্ম্মসংস্থান বিষয়ে সরকারকে পরামর্শ দিবার জন্য ১৯৪৯ সালে জাতীয় উপদেষ্টা পরিষদ গঠিত হয়। কেন্দ্রীয় মন্ত্রণালয় ১৯৫০ সালে দেরাদুনে প্রাপ্ত বয়স্ক অন্ধদের জন্য একটি শিক্ষণ কেন্দ্র স্থাপন করেন। ১৯৫৭ সালে উহাতে নারীদের জন্য একটি শাখা খোলা হইয়াছে। এখানে ১৫০ জন পুরুষ ও ২০ জন নারীর শিক্ষার ব্যবস্থা আছে। মহিলা বিভাগে ৩৫ জনের শিক্ষার ব্যবস্থা করা হইতেছে। এই কেন্দ্রে একটি কারখানাও আছে। এখানে ২০ জন নারী শিল্পী কাজ করে। অন্ধদের জন্য সঠিক পাঠ্য পুস্তকের অভাবের ফলে তাহাদের শিক্ষা ব্যাহত হইতেছে। এই অভাব মিটাইবার জন্য ১৯৫০ সালে অক্টোবর মাসে সেন্ট্রাল ব্রেইল প্রেস স্থাপিত হয়। ভারতীয় ভাষায় ব্রেইল পদ্ধতিতে পুস্তক প্রকাশ করাই এই প্রেসের কাজ। এই প্রেসের সঙ্গে একটি কারখানাও আছে। এখানে ব্রেইল পদ্ধতিতে শিক্ষা দিবার জন্য সাজ সরঞ্জাম নির্মিত হয়। দক্ষিণ-পূর্ব এসিয়াতে ইহাই হয়ত একমাত্র এই ধরণের কারখানা। দেরাদুনে অন্ধদের সর্বাত্মক শিক্ষার জন্য একটি জাতীয় কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৬৮ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। প্রেঃ ইঃ ব্যুঃ


## বাড়ী বিক্রয়

গনকর ষ্টেশন হইতে ৫/৭ মিনিটের রাস্তা, মির্জাপুর গ্রামের মধ্যে মনোরম স্থানে, প্রায় তিন বিঘা উঁচু বাস্তু ভিটির উপর, প্রচুর আলো-বাতাস যুক্ত, পৃথক পৃথক ভাবে প্রশস্ত বারান্দা সংযুক্ত পাকাবাড়ী ও মাটির বাড়ী, খিড়কিতে পুকুর ও বাগান। গ্রাহকের পক্ষে আকর্ষণীয় ও সুবর্ণ সুযোগ। সাক্ষাৎ করুন পোষ্ট মাষ্টার, গনকর।

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন"　　টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট:—ডাঃ জি, জি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



**অরবিন্দ এণ্ড সন্স**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত